দামুড়হুদার ডুগডুগী পশুহাট পরিদর্শনে উপজেলা চেয়ারম্যান বাবু

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের ডুগডুগী পশুহাটের সার্বিক উন্নয়ন কল্পে পরিদর্শন করেন উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা। আজ রোববার বেলা ১২ টার দিকে সরজমিনে তারা ডুগডুগী পশুহাট পরিদর্শন করেন।

দামুড়হুদা উপজেলার একমাত্র সনামধন্য পশুহাট হিসেবে ডুগডুগী পশুহাট সারা দেশ ব্যাপী পরিচিত ও সমাদৃত। এই হাটে দেশের বিভিন্ন প্রান্ত থেকে বড় বড় গরুর ব্যাপারীরা এসে ট্রাক ভর্তি করে গরু কিনে দেশের বিভিন্ন প্রান্তে পাঠায়। হাটের সার্বিক উন্নয়ন খুবই জরুরী, এরই ধারাবাহিকতায় উপজেলা চেয়ারম্যান ও ইউএনও ডুগডুগী পশুহাট পরিদর্শন করেন।

এসময় দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, হাটের সার্বিক উন্নয়ন করা হবে। হাটে কানেকটিং রোড করা হবে, পাসঘর ও অফিসের কানেকটিং রোড করা হবে। প্রধান সড়কের পাশে জিআই পাইপ দ্বারা ফ্রিসিং করা হবে। হাটের মধ্যে দোয়ার ধারের সাইড দিয়ে গাইড ওয়াল তৈরি করা হবে। বাইরে থেকে আগত গরুর ব্যাপারী ও হাটে আসা সকলের জন্য টয়লেট ওয়াশরুম ও গোসলখানা নির্মাণ করা হবে। হাটের মধ্যে সোলার লাইটিং স্থাপন করা হবে, ২ টা পাশ ঘর নির্মাণ করা হবে। হাটের মধ্যে দোয়ার ধারে সিরি ঘাট সংস্কার করা হবে। প্রধান সড়ক থেকে সিরি ঘাট পর্যন্ত নতুন রাস্তা নির্মাণ করা হবে। হাটের বিভিন্ন স্থানে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হবে। বাইরে থেকে হাটে এসে কেউ যেনো হয়রানির শিকার না হয় এবং হাটের দিন যাতে যানজটের সমস্যা না হয় সে লক্ষ্যে সব ধরনের ব্যাবস্থা গ্রহন করা হবে।

এবিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বলেন, মননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের মানুষের উন্নয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন, তারই ধারাবাহিকতায় উপজেলার হাউলী ইউনিয়নে ডুগডুগী পশুহাটের সার্বিক কাজের উন্নয়ন করা হবে।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ,

কার্য-সহকারী সেলিম হোসেন, রোকন শিকদার, উপজেলা প্রশাসনের সিএ ফয়জুল ইসলাম, ডুগডুগী পশুহাট মালিক সোহরাব হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের যুগ্ম আহবায়ক রাসেল আহাম্মেদ প্রমূখ।

দামুড়হুদায় পরিবারের উপর অভিমান করে যুবকের আত্মহনন

দামুড়হুদায় স্ত্রী ও পরিবারের উপর অভিমান করে মোঃ আবু বক্কর মিলন (২০) নামে এক যুবক আত্মহত্যা করেছেন। গতকাল শনিবার রাত সাড়ে ১০ টার দিকে দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নে জুড়ানপুর গ্রামের মাদ্রাসা পাড়ায় এ ঘটনা ঘটে। নিহত আবু বক্কর মিলন জুড়ানপুর গ্রামের মোঃ নজরুল ইসলামের বড় ছেলে।

স্থানীয়রা জানায়, গত ৩০ শে আগস্ট সকালে নিজ বসত ঘরে ফ্যানের সাথে গলায় গামছা পেচিয়ে আত্মহত্যা চেষ্টা করে আবু বক্কর মিলন। বাড়ির লোকজন বিষয়টি জানতে পেরে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। অবস্থা আরো অবনতি হলে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। গত শনিবার রাত ১১ টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মৃত্যুবরণ করেন।

নিহতের প্রতিবেশীরা জানান, নিহত আবু বক্কর মিলনের সাথে দেড় বছর আগে হোগলডাঙ্গা গ্রামের নাজমুল হুদার মেয়ে নাজমিন আক্তার সেতুর সাথে বিবাহ হয়। নিহত আবু বক্কর মিলন ছিল রাজমিস্ত্রির লেবার। তাদের মধ্যে সংসার ভালোই চলছিল, ইতিমধ্যেই তার স্ত্রী নাজমিন ৬ মাসের অন্তঃসত্তা। গলায় দড়ি দেওয়ার আগে স্ত্রী ও পরিবারের মধ্য মন কষাকষি হয় তার। পরে রাগে অভিমানে পাশেই তার চাচার বাড়িতে ঘরের দরজা বন্ধ করে ফ্যানের সাথে গামছা পেচিয়ে আত্মহত্যা করে।

নিহত আবু বক্কর মিলনের পিতা নজরুল ইসলাম জানান, মিলন তো মারা গেছে কিন্তু তার ছয় মাসের অন্তঃসত্ত্বা স্ত্রী রেখে গেছে,তার দায়িত্ব আমাদেরই। ইতিমধ্যে গ্রামের ইউপি সদস্য ও তার শশুরের পরিবারের সঙ্গে আলোচনা সাপেক্ষে তাদের সম্মতিক্রমে নিহত আমাদের

পক্ষ থেকে মিলনের স্ত্রীকে ভরণপোষণের জন্য ১ লাখ বিশ হাজার টাকা দুই কিস্তিতে তিনশত টাকার স্ট্যাম্পে দেয়া হবে বলে লিখিত করে দিয়েছি।

দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার ও মামলার তদন্ত কর্মকর্তা এস আই শেখর চন্দ্র মল্লিক জানান, লাশ উদ্ধার করে আলামত সংগ্রহ করা হয়েছে। ময়না তদন্তের জন্য লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

চুয়াডাঙ্গাতে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী নিহত: আহত-১

চুয়াডাঙ্গা সদর উপজেলা ডিঙ্গেদহ বাজার সংলগ্নে সবজি বোঝায় পিকআপ ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহী সরোজগঞ্জ বুড় পাড়ার গোলাম রসুলের ছেলে আশরাফুল ইসলাম (৩৫) নিহত হয়েছে।

আজ সন্ধ্যা নাগাদ ৭ টার দিকে চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজার সংলগ্ন মসজিদের সামনে মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। এই ঘটনায় একজন আহত হয়েছেন মোটরসাইকেল চালক ঝিনাইদহ এনায়েতপুর করিম মন্ডলের ছেলে রাসেল (২৩)।

চুয়াডাঙ্গা সদর হাসপাতাল সুত্রে জানা গেছে, আহত ও নিহত দুজন ইলেক্টিশিয়ান মিস্ত্রি। সরোজগঞ্জ ছয়মাইল থেকে নিহত ও আহত দুজন বিদুৎতের কাজ শেষ করে বিদুৎতের কাজের মই নিয়ে চুয়াডাঙ্গা সরোজগঞ্জ চারমাইলের দিকে আসছিল। এসময় চুয়াডাঙ্গা থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল সবজি বোঝায় পিকআপ। এসময় পিকআপের মুখোমুখি বিদুৎতের কাজের মই আটকে গিয়ে সংঘর্ষ হয় মোটরসাইকেলের সাথে। মোটরসাইকেলে থাকা চালকের পিছনের আরোহী আশরাফুল রাস্তায় ছিটকে পড়ে যেয়ে মারা যায়। আর মোটরসাইকেল চালক রাসেল গুরুত্বর ভাবে আঘাত পায়।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান জানান, ঘটনা স্থল থেকে পিকআপ চালক পালিয়ে যায়। সবজি বোঝায় পিকআপটি আটক করা হয়েছে বলে জানা গেছে। আর এই ঘটনায় নিহত পরিবারের কোন অভিযোগ নেই। তাই ময়না তদন্ত হবে না বলে জানা গেছে। পরিবার দাবি করে বলছে এই ঘটনায় মোটরসাইকেল চালক ও আরোহি অসতর্ক ছিল। তাই ঘটনা ঘটেছে।

দর্শনায় হাজী সমিতির বার্ষিক হাজী মিলনী মাহফিল অনুষ্ঠিত

দর্শনায় হাজী সমিতির আয়োজনে হাজী মিলনী মাহফিল অনুষ্টিত হয়েছে। আজ শনিবার সকাল ১১ টায় দর্শনা অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টারে সভার সভাপতিত্ব করেন হাজী সমিতির সভাপতি হাজী ফজলুল হক।

প্রধান অতিথীর বক্তব্যে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর বলেন, শেখ হাসিনা সরকার ইসলামের প্রসারে ব্যাপক কর্মসৃচী বাস্তবায়ন করেছে। প্রত্যক উপজেলায় একটি করে মডেল মসজিদ নির্মাণ করে যুগান্তরী ইতিহাস সৃষ্টি করেছে। ব্যাপক উন্নয়ন হয়েছে মসজিদ মাদ্রাসাসহ বিভিন্ন ধর্মীয় প্রতিষ্টানের।

বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দর্শনা থানার ওসি তদন্ত এস এম আমান উল্লা আমান, এছাড়াও হাজী সমিতির নেতৃবৃন্দসহ সকল সদস্য বৃন্দ।

চুয়াডাঙ্গায় বিএনপির ৪৫ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ৪৫ তম প্রতিষ্ঠা বার্ষিক উপলক্ষে চুয়াডাঙ্গায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।আজ শনিবার সকাল ১০ টায় চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের মাঠ প্রাঙ্গনে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য খন্দকার আব্দুর জব্বার সোনা। এসময় সভাটি আয়োজন করেন চুয়াডাঙ্গা জেলা বিএনপি।

আলোচনার শুরুতে দলের কার্যক্রম ও দল আরো শক্তিশালী করার লক্ষে দলের নেতাকর্মিদের সাথে আলোচনা করা হয়।

সভার প্রধান অতিথি কেন্দ্রীয় বিএনপির উপ- কোষাধ্যক্ষ মাহবুব হাসান খান বাবু বলেন, এই সরকারের পতন ঘটাতে হবে। অরাজনৈতিক সরকার ক্ষমতায় থাকলে দেশ অধপতনে যাবে। তাই সরকারের পদত্যাগ করাতে হবে। বিএনপির আদর্শকে লালন করে আগামী নির্বাচনে বিএনপি জয়যুক্ত করতে হবে। বিএনপির জননেত্রী বেগম খালেদা জিয়ার আমলে দেশে উন্নয়ন হয়েছে। আওয়ামী লীগের কারণে আজ দেশ জাহান্নামে চলে গেছে। শেখ হাসিনার সরকার অত্যাচারি সরকার। ১৫ টি বছর দেশের গণতন্ত্র হত্যা করছে। এখানো নীল নকশা করে যাচ্ছে। এই অবৈধ সরকারকে বিতাড়িত করে পতন ঘটানো। এতে তত্ত্বাবধায়ক সরকার গঠন করা হবে। বাংলাদেশের ভোট অধিকার দিতে হবে। এই ভোট চোরের বিরুদ্ধে আন্দোলন করা হবে।
তিনি আরো বলেন, বিএনপির তরুণ দলরাই পারবে এ দেশকে জুলুম ও নির্যাতন সরকারের বাঁচাতে। আগামি দিনই তারেক জিয়ার নেতৃত্বে এ দেশের গণতন্ত্র ফিরে আসবে। আজ বিএনপি দলকে সমর্থন করছে। তাই আগামি দিনের নেতা তারেক জিয়া। গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে সংগ্রাম করতে হবে। গণতন্ত্র ফিরে আসতে হলে সবাইকে লড়তে হবে। শেখ হাসিনার সরকার ভোট চুরির সরকার। আওয়ামী লীগের রক্তের মধ্যে ভোট চুরি করছে। বাংলাদেশ যতদিন আছে ততদিন এই বিএনপি দল থাকবে।

এসময় সভায় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব

শরীফুজ্জামান শরীফ, চুয়াডাঙ্গা জাসদ দলের সাধারণ সম্পাদক সেলিমুল হাবিব সেলিম, চিৎলা ইউনিয়ন বিএনপির সভাপতি পাপেন, শংকরচন্দ্র ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি সাইফুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলী, জামজামি ইউনিয়ন বিএনপির সভাপতি আলম শাহ, খাদিমপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শেরেকুল ইসলাম, নাগদাহ ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শাহিন, আন্দুলবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি আতিয়ার রহমান, কুড়ুলগাছি ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রশিদ, বেগমপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আব্দুর রহিম, দামুড়হুদা উপজেলা সদর বিএনপির সভাপতি কুতুবউদ্দিন, মোনহারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আমিনুল সরদার, পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ শফি, ভাংবাড়িয়া ইউনিয়ন বিএনপির সভাপতি টিপু সুলতান, বাড়াদি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক শুকুর আলী, কালিদাসপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক লালন, আইলহাঁস ইউনিয়ন বিএনপির সিনিয়র সহ-সভাপতি ইউনুস, গড়াইটুপি ইউনিয়ন বিএনপির সভাপতি মোহাম্মদ আলী, নেহালপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরজ আলী, প্রমুখ। এছাড়াও উপস্থিত দলের সকল নেতাকর্মীবৃন্দ।

জমকালো আয়োজনে আলমডাঙ্গা বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

জমকালো আয়োজনে আলমডাঙ্গায় বণিক সমিতির ত্রি-বার্ষিক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ১০ টায় আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

সকালে মঞ্চ প্রাঙ্গণে বণিক সমিতির নেতৃবৃন্দ জাতীয় ও বণিক সমিতির পতাকা উত্তোলন করেন। পরে অতিথিদের ফুলেল শুভেচ্ছায় শিক্ত করা হয়।

এছাড়াও সমিতির তিন বছরের আয় ব্যয়ের হিসেবে তুলে ধরা হয়। কোরআন তেলওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে আলোচনা সভা শুরু হয়।

ত্রি-বার্ষিক সম্মেলনের আলোচনা সভায় আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি ও পৌর আলহাজ্ব মেয়র হাসান কাদির গনু।

সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে হাসান কাদির গনু বলেন,বণিক সমিতির সব সময়ই ব্যবসায়ী ও মানুষের কল্যাণে কাজ করে আসছে। বিগত দিনে দেখা গেছে বিভিন্ন সময়ে মানুষের কল্যাণে পাশে দাঁড়িয়েছে। এজন্য আমি বৃহৎ এই সংগঠনকে ধন্যবাদ জানায়। আমরা পৌর সভায় পরিচ্ছন্ন রাখতে কাজ করে যাচ্ছি। এজন্য বণিক সমিতির সহযোগিতা একান্ত প্রয়োজন। আমাদের সাথে আপনারাও যদি এগিয়ে আসেন তাহলে আলমডাঙ্গা একটি সুন্দর ও পরিচ্ছন্ন শহর হিসেবে গড়ে তুলতে পারবো।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (অপারেশন) ফরিদ উদ্দিন, বণিক সমিতির সাবেক সভাপতি বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব মো: শমসের আলি মল্লিক, আলহাজ্ব মো: রফিকুল ইসলাম, আলহাজ্ব মো: মকবুল হোসেন, বণিক সমিতির সাবেক সাধারণ সম্পাদক মো: আমিনুল হক ঘেটু ও রবিউল ইসলাম পকু, সেকেন্দার আলী কচি, বিশিষ্ট ব্যবসায়ী আলগাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা।

ত্রি-বার্ষিক সম্মেলনে প্রভাষক একে এম ফারুক হোসেন, ও বণিক সমিতির সাধারণ সম্পাদক মো: কামাল হোসেন ও হাবিবুল করিম চনচলের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা বণিক সমিতির সহ-সভাপতি আলহাজ্ব একেএম এনামুল কবির, কামরুজ্জামান হিরা, সহ-সম্পাদক হাজী মো: রফিকুল আলম, শরিফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক আব্দুল লতিফ, দপ্তর সম্পাদক আইয়ুবুর রহমান, ধর্ম সম্পাদক মো: মোতালেব হোসেন, ক্রিড়া সম্পাদক বাবলুর রহমান। এছাড়াও ত্রি-বার্ষিক সম্মেলনে কার্যনির্বাহী সকল সদস্য উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার কোর্টপাড়ায় ১৯৯৭

সালের মামলা নিষ্পত্তি হলো ২০২৩ সালে

আলমডাঙ্গা পৌরসভার কোর্টপাড়ার বাসিন্দা মৃত মনোয়ারা খাতুন গংয়েরা দীর্ঘ ২৭ বছর পর আবারো আদালতের রায়ে নিজ বসতবাড়ি ফিরে পেয়েছে।

১৯৯৭ সালে শুরু হওয়া আলমডাঙ্গা পৌরসভার কোর্টপাড়ার একটি দেওয়ানী মামলা ২০২৩ সালে নিষ্পত্তির পর গতকাল শুক্রবার সকালে চুয়াডাঙ্গা আদালতের নির্দেশে আদালতে নিযুক্ত প্রতিনিধিরা উপস্থিত থেকে বিবাদীপক্ষকে ৪.৫০ শতক জমির দখল বুঝিয়ে দিয়েছেন।

পূণরায় আবারো পৈত্রিক ভিটে বাড়ি ফিরে পেয়ে কান্নায় ভেঙে পড়েন নাজির শেখ ও তার ভাই আশাবুল হক লালু শেখ। ওই জমি কেন্দ্রিক দুশ্চিন্তায় তার বাবাকেও হারিয়েছেন বলে তারা জানান।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কুমারী গ্রামের মৃত আমেনা খাতুনের সাথে দীর্ঘদিন পৈত্রিক সম্পত্তি নিয়ে বিরোধ চলে আসছিলো। ওই সময় স্থানীয়দের সহযোগিতায় কয়েক দফা সালিশ-বৈঠকও অনুষ্ঠিত হয়। আমেনা খাতুন গংয়েরা প্রভাবশালী হওয়ায় তৎকালীন সময়ে জোরপূর্বক জমি দখলের চেষ্টা চালায়। তবুও বসতবাড়ি না ছাড়তে কঠোর অবস্থান নেয় মনোয়ারা খাতুন গংয়েরা।

১৯৯৭ সালে আমেনা খাতুন বাদি হয়ে চুয়াডাঙ্গা জুডিশিয়াল আমলী আদালতে জমিসংক্রান্ত দেওয়ানী মামলা করেন। ওই মামলায় ২০০৬ সালের অক্টোবরে কোর্টপাড়ার তৎকালীন বাসিন্দা মনোয়ারা খাতুন গংয়ের বসতবাড়ি উচ্ছেদের নির্দেশ দেন আদালত। তারপরই আদালতের নির্দেশে বাসিন্দাদের ঘরবাড়ি ভেঙে দেয় বাদী পক্ষ। স্থায়ী বসতবাড়ি থেকে বের হতে হয় মনোয়ারা খাতুন গংদের। বিগত ২৭ বছর যাবৎ নিজ বসতবাড়ি ছেড়ে তারা ভাড়া বাড়িতে বসবাস করছে।

উচ্ছেদ পূর্বক মনোয়ারা খাতুন বাদি হয়ে ২০০৭ সালের ২২ জুলাই হাইকোর্টে পূণরায় আপিল করেন। চলতে থাকে দীর্ঘ মামলার সাক্ষ্য গ্রহন। দীর্ঘদিন মামলা চলার পর ২০১৮ সালের ৮ জুলাই হাইকোর্ট মনোয়ারা খাতুনের পক্ষে ডিক্রি প্রদান করেন। হাইকোর্ট চুয়াডাঙ্গা জুডিশিয়াল আমলী আদালতের মাধ্যমে ডিক্রি প্রাপ্ত মালিককে জমি বুঝিয়ে দেবার নির্দেশ দেয়।

এরই ধারাবাহিকতায় গতকাল শুক্রবার সকালে চুয়াডাঙ্গা আদালতের ৬ সদস্য প্রতিনিধি দল কোর্টপাড়ায় উপস্থিত হয়ে মনোয়ারা খাতুন গংদের জমি বুঝিয়ে দেয়। তারা দীর্ঘদিন পর জমি ফিরে পাওয়ায় আনন্দে ঢোল-ঢাক বাজিয়ে নিজ বসতবাড়ির জমি বুঝিয়ে নেয়।

দর্শনায় কেরুর চুক্তিভিত্তিক ৩ শ্রমিক ১ শ লিটার বাংলা মদসহ গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে দর্শনায় কেরুর চুক্তিভিত্তিক ৩ শ্রমিকে ১শ লিটার বাংলা মদসহ গ্রেফতার করেছে। পুলিশ জানায় গত বৃহস্পতিবার দিনগত রাত ২টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহার নেতৃত্বে অভিযান চালায় কেরু এন্ড (কোম্পানী) বাংলাদেশ লিমিটেডের চিনিকলের প্রধান গেটে।

এ সময় দর্শনা থানার এসআই শামিম রেজা এএসআই আশিকুর রহমান, শফিকুল ইসলাম, এ এস আই রাইসুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে বাংলা মদসহ ৩ জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃতরা হলেন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া ফার্মপাড়ার মৃত দুলাল মন্ডলের ছেলে কেরুজ গ্যারেজের চুক্তিভিত্তিক ড্রাইভার সাবেক মেম্বার সাইফুল ইসলাম (৪০),সহকারী হেলফার দামুড়হুদা হাউলী ইউনিয়নের জয়রামপুর চৌধুরী পাড়ার মতলেব মন্ডলের ছেলে নজরুল ইসলাম
(৩৫) ও কেরু হাসপাতালপাড়ার সাবেদ খানের ছেলে সুজন খান (৩৩) কে ৬টি প্লাষ্টিকের কন্টিনেটারে ১শ লিটার বাংলামদসহ তাদেরকে গ্রেফতার করে।

এ ঘটনায় দর্শনা কেরুর এডিএম ইউসুফ আলী বলেন আমি শুনেছি ১শ লিটার বাংলামদসহ চুক্তিভিত্তিক ড্রাইভার ও দুজন হেলফারকে গ্রেফতার করেছে।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা বলেন মাদকদ্রব্য আইনে তাদের বিরুদ্ধে মামলা হয়েছে যার মামলা নং১। গতকালই এস আই শামীম বাদি হয়ে তাদের ৩ জনের বিরুদ্ধে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

এ ঘটনায় সচেতন মহল বলেছে কেরুজ প্রশাসনের দুর্বলতার কারনেই চুরি করেও পার পাচ্ছে চোর চক্র। কেরু প্রশাসনের দুর্বলতা না কি অন্য কোন গোপন কিছু আছে তা খতিযে দেখার দাবি সচেতন মহলের।

কার্পাসডাঙ্গায় জাসদের ইউনিয়ন কমিটি গঠন

কার্পাসডাঙ্গায় জাসদের ইউনিয়ন কমিটি গঠন করা হয়েছে আমজাদ হোসেন সভাপতি ও আহসান হক সাধারণ সম্পাদক কেও কমিটি গঠন করা হয়।

গতকাল শুক্রবার বিকাল ৫ টার সময় উপজেলার কার্পাসডাঙ্গা কলোনি পাড়ার জামে মসজিদের দক্ষিণ দিকে শ্রী শম্ভু গোপাল বসু’র বালিগাদা সংলগ্ন স্থানে আমজাদ হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালিত হয়।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদের) চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক শামসুল আলম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জাসদের দপ্তর সম্পাদক নাজমুল আলম, রহমত হোসেন, নজরুল ইসলাম, জাকির হোসেন, নুরুল আমিন, হাবিবুর, মজু, রাজা, শরিফুল, সিলাম, মিলন, সহ আরো অনেকে।
এসময় সর্ব সাধারণের মতামতের পরিপেক্ষিতে আমজাদ হোসেনকে সভাপতি এবং আহসান হক কে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়।

[redacted]

[redacted]